"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৮- ২৯৫    তারিখঃ ১২ নভেম্বর, ২০১৮খ্রিঃ।

বিষয় : দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃতি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা সংক্রান্ত 'সার্বিক সমন্বয় কমিটির'র ২য় সভা কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৭.১৮-৮৪১ তারিখ : ০৭ নভেম্বর, ২০১৮খ্রি:।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৩৫১২৪.১৮.৪৪৪৪, তারিখ : ২৪ অক্টোবর, ২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে জানানো যাচ্ছে যে, দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃতি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা সংক্রান্ত 'সার্বিক সমন্বয় কমিটির'র ২য় সভার কার্যবিবরণী এবং এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা বিভাগের পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(মো: মিজানুর রহমান)
অতিরিক্ত-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)
dte.piw@gmail.com)

বিতরণ :

১-৫ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ।

৬-৫৫ । অধ্যক্ষ, ..........সকল.......... পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৬-১১৯ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, .....সকল.....................................

১২০-১২৩ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৮-    তারিখঃ    নভেম্বর, ২০১৮খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । জনাব মো: ফারুক হোসেন,সহকারী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯ । নথি।

12.11.18
( প্রকৌঃ মোঃ খুরশিদ আলম)
সহকারী পরিচালক (পিআইউই ও অতিরিক্ত দায়িত্ব পিআইডব্লিউ)

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৭.১৮. ৮৪১

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
০৭নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা সংক্রান্ত 'সার্বিক সমন্বয় কমিটি'র ২য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৪৪৪৪, তারিখ: ২৪ অক্টোবর, ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরন করা হলো। প্রেরিত কার্যবিবরণীর ১, ৭ ও ৮ নং ক্রমিকে বিবৃত সিদ্ধান্তের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: ফারুক হোসেন)
সহকারী সচিব
jstmed7@gmail.com

বিতরণ:
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

**দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা সংক্রান্ত 'সার্বিক সমন্বয় কমিটি'র ২য় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এন এম জিয়াউল আলম<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৪ অক্টোবর ২০১৮, সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট - 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে গত ০৭.১০.২০১৮ তারিখে সার্বিক সমন্বয় কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ধারাবাহিকতায় এবং গত ১০.১০.২০১৮ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সভাপতিত্বে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার ২য় প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী আজকের সভা আহ্বান করা হয়েছে। অতঃপর সদস্য-সচিব কর্তৃক সভায় কার্যপত্র উপস্থাপন করা হয়। সভাপতি কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের মতামত আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান ও অর্থ বরাদ্দ:**<br>সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে কর্মসূচির প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রতিযোগিতার বিষয়ে অধীনস্থ দপ্তরসমূহকে অবহিত এবং স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। | প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ০২. | **কর্মসূচির ব্যাপক প্রচার:**<br>বিটিভি কর্তৃপক্ষ সভাকে অবহিত করেন যে বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার প্রমোশনাল ও ফুল তৈরির কৌশল বিটিভিতে নিয়মিত প্রচারিত হচ্ছে। তথ্য মন্ত্রণালয় কর্তৃক 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচার, প্রতিযোগিতার বিষয় টক-শোতে অন্তর্ভুক্তি, 'বিজয় ফুল তৈরির কৌশল এবং 'বিজয় ফুল' সংক্রান্ত | (ক) বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার প্রমোশনাল ও ফুল তৈরির কৌশল বিটিভিতে নিয়মিত প্রচার অব্যাহত রাখতে হবে;<br>(খ) প্রতিযোগিতার কর্মসূচি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে; | তথ্য মন্ত্রণালয়/বিটিভি |

অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন)-এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
ডায়েরী নং............ তারিখ ............
যুগ্মসচিব (প্রশাসন)
যুগ্মসচিব (উন্নয়ন)
উপসচিব (প্রশাসন ও অর্থ)
উপসচিব (অডিট ও আইন)
উপপ্রধান (পরিকল্পনা)

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ফিচার পত্রিকায় ছাপানো/প্রেস রিলিজের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) প্রতিযোগিতার বিষয় বিটিভিসহ বিভিন্ন চ্যানেলের টক-শোতে অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং<br>(ঘ) 'বিজয় ফুল' তৈরির কৌশল এবং 'বিজয় ফুল' সংক্রান্ত ফিচার পত্রিকায় ছাপানো/প্রেস রিলিজের উদ্যোগ জরুরি ভিত্তিতে গ্রহণ করতে হবে। | |
| ০৩. | **বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে অর্থ বরাদ্দ ও প্রতিবেদন প্রাপ্তি:**<br>সভা অবহিত হয় যে উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে ইতোমধ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রতিটি পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর মাঠ পর্যায় থেকে প্রতিবেদন প্রাপ্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতিটি পর্যায়ে প্রতিযোগিতা সমাপ্তির পর একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক |
| ০৪. | **জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে অর্থ বরাদ্দ:**<br>কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যে গঠিত ৭টি উপ-কমিটির মধ্যে ৪টি উপ-কমিটির অর্থ চাহিদা পাওয়া গেছে। আরও ৩টি উপ-কমিটির চাহিদা প্রাপ্তির পর তা অর্থ বিভাগকে অবহিত করা হবে। অর্থ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটির চাহিদা প্রাপ্তির পর দ্রুত অর্থ বরাদ্দ দেওয়া হবে। | জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য চাহিদা নির্ধারণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে। অর্থ বিভাগ সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি/অর্থ বিভাগ |
| ০৫. | **ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্ম তৈরি:**<br>সভা অবহিত হয় যে 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মের কাজ সমাপ্ত করে আগামী ২৮.১০.২০১৮ তারিখ অ্যাপটি সকলের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে। এ বিষয়ে এটুআই কর্তৃপক্ষের প্রচারণা অব্যাহত রয়েছে। এছাড়া, সভা আরও অবহিত হয় যে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি উপ-কমিটি গেমসের কুইজের প্রশ্ন ও উত্তর যাচাই করে দিয়েছে। উক্ত প্রশ্ন ও উত্তরসমূহ অ্যাপে সংযুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) উদ্বোধনের পূর্বে 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মের বিষয়ে প্রাথমিক ধারণা শিক্ষক বাতায়নসহ অন্যান্য মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গেমসের কুইজের জন্য যাচাইকৃত প্রশ্ন ও উত্তর দ্রুত ফুলবন্ধু অ্যাপে সংযোজন করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ/বিটিভি |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৬. | **ভিডিও কন্টেন্টের ব্যাপক প্রচারণা:**<br>সভা অবহিত হয় যে থিম সং ব্যবহার করে এটুআই কর্তৃক নির্মিত অডিও-ভিজুয়াল কনটেন্ট ইতোমধ্যে মাঠ প্রশাসনে প্রেরণসহ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। উক্ত কনটেন্টসহ বিটিভি কর্তৃক নির্মিত প্রমোশনাল ও বিজয় ফুল তৈরির কৌশল সংক্রান্ত ভিডিও ব্যাপক প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভা আরও অবহিত হয় যে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে 'বিজয় ফুল' শীর্ষক একটি আলাদা মেনু তৈরি করা হয়েছে যাতে প্রতিযোগিতা সংক্রান্ত সকল তথ্য নিয়মিত সংযোজন করা হচ্ছে। | থিম সং ব্যবহার করে এটুআই কর্তৃক নির্মিত অডিও-ভিজুয়াল কনটেন্ট এবং বিটিভি কর্তৃক নির্মিত প্রতিযোগিতার প্রমোশনাল ও বিজয় ফুল তৈরির কৌশল সংক্রান্ত ভিডিও ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড এবং সরকারি ও বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয়/ এটুআই/বিটিভি/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৭. | **বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল, থিম সং ও প্রমোশনাল মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে প্রচার:**<br>'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধগণ সভাকে অবহিত করেন যে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসের সুবিধাদি রয়েছে সে সকল প্রতিষ্ঠানে প্রচারণা অব্যাহত রয়েছে। | 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত ভিডিও ক্লিপ মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার অব্যাহত রাখতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৮. | **প্রবাসে বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিযোগিতার আয়োজন:**<br>প্রবাসে স্থাপিত বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতার আয়োজন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রতিষ্ঠানসমূহ তাদের সুবিধা অনুযায়ী আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রতিযোগিতার আয়োজন করতে পারে মর্মে সভায় সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | প্রবাসে বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৯. | **বিজয় ফুল-এর কোটপিন বুকে ধারণ:**<br>আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৮ 'বিজয় ফুল' উৎসবকালে বিজয় ফুল-এর কোটপিন বুকে ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্ষেত্রে স্থানীয়ভাবে প্রতিযোগিতা আয়োজনকারী কর্তৃপক্ষ এই কোটপিন তৈরি করে বিক্রির ব্যবস্থা করতে পারে। | আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৮ 'বিজয় ফুল' উৎসবকালে স্থানীয় উদ্যোগে বিজয় ফুল-এর কোটপিন তৈরি করে বুকে ধারণ করা যেতে পারে। | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট কমিটি |

০২। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
তারিখ: ২৪.১০.২০১৮
(এন এম জিয়াউল আলম)
সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৪৪৪

তারিখ: ০৯ কার্তিক ১৪২৫
২৪ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/তথ্য মন্ত্রণালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা এবং অর্থ বিভাগ।
৫. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৬. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ), মন্ত্রিপরিষদ বিভাগ।
৭. বিভাগীয় কমিশনার ... ... ...(সকল)।
৮. জেলা প্রশাসক ... ... ...(সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার ... ... ... (সকল)।
১০. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
১১. জনাব মনিরুজ্জামান, চারুশিল্পী, প্রাক্তন পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১২. জনাব খায়রুল আনাম শাকিল, বিশিষ্ট সংগীত শিল্পী।
১৩. মিজ্ পূরবী মতিন, কনসালট্যান্ট, এটুআই।

অনুলিপি:

০১. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩. সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২৪।১০।১৮
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd